রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৫ সনের ৪১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৮, ২০১৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৭—৬৮১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫৬৭—১৬৩১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৮৩—১৩৯৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ জুন ২০১৫

**নং আর-৬/৪ডি-০৪/২০১৪-১৬৮**—জনাব সুব্রত কুমার দাস, সাব-রেজিস্ট্রার (সাময়িকভাবে বরখাস্তকৃত) সদর, মাগুরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযুক্ত কর্মকর্তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপ-বিধি (২) (বি) বিধি মোতাবেক আগামী ৫(পাঁচ) বৎসরের জন্য ৫(পাঁচ) টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করে লঘুদণ্ড প্রদান করা হলো এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক মহাপরিদর্শক, নিবন্ধন বরাবর যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৭ জুন ২০১৫

**নং বিচার-৭/২এন-১২৩/৮২(অংশ-১)-৩১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব রিয়াজুল কবির, পিতা হুমায়ুন কবির,

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মাতা আনোয়ারা খাতুন, গ্রাম বাহিরশিমুল, ডাকঘর বাহিরশিমুল, উপজেলা হালুয়াঘাট, জেলা ময়মনসিংহ এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ১১নং আমতৈল ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৮ জুন ২০১৫

**নং বিচার-৭/২এন-০১/৮৯(অংশ-১)-৩২০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ জিগার আলী, পিতা মৃত সমশের আলী, মাতা মোছাঃ জিন্নাতোন নেছা, গ্রাম নিতাই পীরপাড়া, ডাকঘর নিতাই, উপজেলা কিশোরগঞ্জ, জেলা নীলফামারী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার ৩নং নিতাই ইউনিয়ন এলাকার জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

---

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ০২ জুলাই ২০১৫

**নং ১২.০৫২.০৩২.০০.০০.০০২.২০১০-৯৩৪**—মন্ত্রিপরিষদ বিভাগের ১১ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০১২.১৪-২৪১ সংখ্যক পত্রের নির্দেশনার পরিপ্রেক্ষিতে সিলেট বিভাগের অনাবাদি জমিগুলোতে আবাদের কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও তদারকির নিমিত্ত বিভাগ পর্যায়ে সিলেট বিভাগীয় কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি, জেলা পর্যায়ে জেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি এবং কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো ঃ

**(ক) সিলেট বিভাগীয় কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি**

**সভাপতি**

(১) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

**সদস্যবৃন্দ**

(২) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড

(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি

(৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (সেচ)

(৫) যুগ্ম-পরিচালক, বিএডিসি (বীজ)

(৬) যুগ্ম-পরিচালক, বিএডিসি (সার)

(৭) সিলেট বিভাগের সকল জেলা প্রশাসক

(৮) বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত ১ জন কৃষিবিদ

**সদস্য-সচিব**

(৯) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

**কার্যপরিধি ঃ**

* বিভাগীয় পর্যায়ের সকল অনাবাদি জমির তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেজ গড়ে তোলা।
* বিভাগের সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে স্থানীয় বৈশিষ্ট্য বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।
* প্রতিটি জেলার অনাবাদি জমি কৃষির আওতায় আনা সংক্রান্ত সকল কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন এবং জেলা ও উপজেলা পর্যায়ের কোর কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
* বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও তদারক।
* অনাবাদি জমি আবাদে প্রয়োজনীয় নীতি নির্ধারণে সরকারের নিকট সুপারিশ প্রেরণ।
* সিলেট বিভাগের কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন অধিদপ্তর/কর্তৃপক্ষ/বোর্ডের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন।
* কৃষি উন্নয়ন বিষয়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণের আয়োজন।
* চাহিদা মত রিপোর্ট রিটার্ন সরকারের নিকট প্রেরণ।
* প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হওয়া।
* প্রয়োজন বিবেচনা করে কমিটি যে কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**(খ) জেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি**

**সভাপতি**

(১) জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

(২) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি

(৩) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড

(৪) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ)

(৫) উপ-পরিচালক/সহকারী পরিচালক, বিএডিসি (বীজ)

(৬) জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার

(৭) সহকারী পরিচালক (সার), বিএডিসি

(৮) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ জন কৃষিবিদ

**সদস্য-সচিব**

(৯) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

**কার্যপরিধি ঃ**

* জেলা পর্যায়ে সকল অনাবাদি জমির তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেজ গড়ে তোলা।
* জেলার সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে স্থানীয় বৈশিষ্ট্য বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।
* প্রতিটি উপজেলার অনাবাদি জমি কৃষির আওতায় আনা সংক্রান্ত সকল কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন এবং উপজেলা পর্যায়ের কোর কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
* বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও তদারক।
* অনাবাদি জমি আবাদে প্রয়োজনীয় নীতি নির্ধারণে বিভাগীয় কোর কমিটির নিকট সুপারিশ প্রেরণ।
* জেলার কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন অধিদপ্তর/কর্তৃপক্ষ/বোর্ডের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন।
* কৃষি উন্নয়ন বিষয়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, সিম্পেজিয়াম ও প্রশিক্ষণের আয়োজন।
* অনাবাদি জমি আবাদের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা।
* চাহিদা রিপোর্ট রিটার্ণ বিভাগীয় কোর কমিটি ও সরকারের নিকট প্রেরণ।
* প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হওয়া।
* প্রয়োজন বিবেচনা করে কমিটি যে কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**(গ) উপজেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি**

**সভাপতি**

(১) উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

(২) উপজেলা প্রকৌশলী, এলজিইডি

(৩) উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড

(৪) উপ-সহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি

(৫) জেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান

(৬-৮) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ৩ জন কৃষক

**সদস্য-সচিব**

(৯) উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

**কার্যপরিধি ঃ**

* উপজেলা পর্যায়ে সকল অনাবাদি জমির তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেজ গড়ে তোলা।
* উপজেলার সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে স্থানীয় বৈশিষ্ট্য বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।
* বিভাগীয় ও জেলা কোর কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।
* উপজেলার অনাবাদি জমি আবাদের আওতায় আনা সংক্রান্ত সকল কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও ক্ষেত্র পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
* বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও তদারক।
* অনাবাদি জমি আবাদে প্রয়োজনীয় নীতি নির্ধারণে জেলা ও বিভাগীয় কোর কমিটির নিকট সুপারিশ প্রেরণ।
* জেলার কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন অধিদপ্তর/কর্তৃপক্ষ/বোর্ডের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন।
* কৃষি উন্নয়ন বিষয়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণের আয়োজন।
* অনাবাদি জমি আবাদের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা।
* লক্ষ্য অর্জনে আইনের প্রয়োগ করা।
* চাহিদা মত রিপোর্ট রিটার্ন জেলা বিভাগীয় কোর কমিটি ও সরকারের নিকট প্রেরণ করা।
* প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হওয়া।
* প্রয়োজন বিবেচনা করে কমিটি যে কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-৬**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৭ আষাঢ় ১৪২২/২১ জুন ২০১৫

**নং ২৫.০০.০০০০.০১৯.০৪.০৮.২০০৫(অংশ)-৪২৬**— রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ ১৯৭৬ এর ১৬ ধারা মোতাবেক প্রস্তাবিত রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত হড়গ্রাম মৌজার (জে.এল. নং ৫১) আর এস নং ৪২০৪ দাগের জমির ভূমি ব্যবহার আবাসিক জোন হতে মিশ্র জোনে নির্দেশক্রমে পরিবর্তন করা হলো।

**শ্যামলী নবী**
সিনিয়র সহকারী সচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ আষাঢ় ১৪২২/২৮ জুন ২০১৫

**নং ৩৯.০৫.০১১.১৫.০০.১১৭.২০১৪-১৫৩**—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর বোর্ডের খণ্ডকালীন সদস্য জনাব ইতি রাণী পোদ্দার (অতিঃসচিব) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সদস্য পদের মেয়াদ ৩১ মে ২০১৫ তারিখে শেষ হওয়ায় বিসিএসআইআর আইন, ২০১৩ এর ৫(২) ধারার ক্ষমতাবলে জনাব ইতি রাণী পোদ্দার (অতিঃসচিব) এর পরিবর্তে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ মজিবুর রহমানকে ০৩(তিন) বছরের জন্য বিসিএসআইআর বোর্ডের খণ্ডকালীন সদস্য হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ইউনুস আলী প্রামাণিক**
যুগ্মসচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ, ১৫ আষাঢ় ১৪২২/২৯ জুন ২০১৫

**নং ৩৯.০০৭.০০৬.০০.০০.০১৫.২০১০-১১২**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর অধীন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর-এর "পরিচালনা বোর্ড" নিম্নরূপে পুনর্গঠন করা হ'ল ঃ

**পরিচালনা বোর্ড**

**সভাপতি**

(ক) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) যুগ্মসচিব, অর্থ বিভাগ

(গ) যুগ্মসচিব (পি.এ.সি.সি), জনপ্রশাসন মন্ত্রণালয়

(ঘ) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (সংশ্লিষ্ট), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)।

(চ) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

(ছ) অধ্যাপক ড. মোঃ আবদুস সাত্তার, পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(জ) অধ্যাপক ডঃ তানভীর হাসান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ঝ) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)।

(ঞ) (i) অধ্যাপক ড. গোলাম মোহাম্মদ ভূঞা, তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;

(ii) প্রফেসর ড. মোঃ ছোলায়মান আলী ফকির, ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগ এবং পরিচালক কৃষি মিউজিয়াম, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ;

(iii) ড. সুলতান আহম্মেদ, সদস্য পরিচালক (এনআরএম) (চলতি দায়িত্ব) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।

**সদস্য-সচিব**

(ট) মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

২। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ এর ধারা ৫ এ বর্ণিত বিধান অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে এ পরিচালনা বোর্ড গঠন করা হলো।

৩। পরিচালনা বোর্ডের সদস্যগণ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করবেন।

৪। সদস্যগণ তাদের মনোনয়নের তারিখ থেকে ৩(তিন) বছর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকবেন।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

---

## বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়
## বিদ্যুৎ বিভাগ
### সমন্বয়-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ় ১৪২২/০১ জুলাই ২০১৫

**নং ২৭.০৫২.০২৮.০১.০০.০১২.১৯৯৫(অংশ-২)-২৮২**—১৯৩৭ সালের বিদ্যুৎ বিধিমালার ৪৮(১) বিধির আওতায় প্রণীত ০৩নং প্রবিধানের প্রদত্ত ক্ষমতাবলে সরকার (চেয়ারম্যান ও সচিব ব্যতীত) বিদ্যুৎ লাইসেন্স বোর্ড (Electricity Licencing Board) আগামী ০৩ (তিন) বছর মেয়াদকালের জন্য নিম্নরূপ পুনর্গঠন করলেন ঃ

**চেয়ারম্যান** ঃ জনাব মোঃ আবুল কাশেম, অতিরিক্ত সচিব ও বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক (পদাধিকারবলে)।

**সচিব** ঃ প্রকৌ ঃ মোঃ আতোয়ার রহমান মোল্লা, জ্যেষ্ঠ বিদ্যুৎ পরিদর্শক (পদাধিকারবলে)।

**সদস্যবৃন্দ** ঃ

| ক্রমিক নং | দপ্তর/সংস্থার নাম | মনোনীত সদস্যদের নাম |
|---|---|---|
| (১) | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | জনাব মুস্তাক মুহাম্মদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন এন্ড টেস্টিং কমিশনিং, বিদ্যুৎ ভবন (১২ তলা), বিউবো, ঢাকা। |
| (২) | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন | জনাব মোঃ সিরাজুল ইসলাম চৌধুরী, উপ-প্রধান প্রকৌশলী (তড়িৎ), ন্যাশনাল টিউবস লিমিটেড, বিএসইসি, টঙ্গী, গাজীপুর। |
| (৩) | ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পরিদপ্তর (ইএমই), বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা। | বিএ-৩৯৪৬ লেঃ কর্ণেল মিনহাজ আহমেদ, ওআইসি, ইএমই রিপিয়ার সেল, সিএমএইচ, ঢাকা সেনানিবাস, ঢাকা। |
| (৪) | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | জনাব ইয়াসির আরাফাত, সহকারী অধ্যাপক, তড়িৎ ও ইলেক্ট্রনিক্স কৌশল বিভাগ, বুয়েট, ঢাকা। |

| ক্রমিক নং | দপ্তর/সংস্থার নাম | মনোনীত সদস্যদের নাম |
|---|---|---|
| (৫) | কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা | জনাব মোঃ শাহজাহান মিঞাঁ, মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা। |
| (৬) | দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ঢাকা | জনাব এস. এ. কাদের কিরন, সাধারণ পরিষদ সদস্য, এফবিসিসিআই, ঢাকা। |
| (৭) | ইলেকট্রিক্যাল কন্ট্রাক্টরস এসোসিয়েশন | জনাব এ.টি.এম. নাছির উদ্দিন, সদস্য, ইলেকট্রিক্যাল কন্ট্রাক্টরস এসোসিয়েশন, ১৯, বঙ্গবন্ধু এভিনিউ, ২য় তলা, ঢাকা। |
| (৮) | গণপূর্ত অধিদপ্তর | জনাব মোঃ আব্দুল মজিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ইএম সার্কেল, সেগুন বাগিচা, ঢাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহেনা আকতার**
সিনিয়র সহকারী সচিব (সম-২)।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ অধিশাখা-০১**
**এল. এ কেস নং-১৫/৭৩-৭৪**
**ফরম-ঘ**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৪ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-২১৮**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১১-০৫-১৯৭৪ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন ঃ

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল ঃ

**তফসিল**

মৌজাঃ সাটিরপাড়া, জে. এল নং-২৯৩, উপজেলা নরসিংদী সদর, জেলা নরসিংদী।

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৬১৪ পূর্ণ | ০.১৯ |
| ২৬১৫ ,, | ০.১১ |
| ২৬১৭ আংশিক | ০.২০ |
| ২৬১৮ পূর্ণ | ০.০৮ |
| ২৬১৯ ,, | ০.০৯ |
| ২৬২০ ,, | ০.১৫ |
| ২৬২১ ,, | ০.১৬ |
| ২৬২২ ,, | ০.১৫ |
| ২৬২৩ আংশিক | ০.০২ |
| ২৬২৪ ,, | ০.০২ |
| ২৮৮১ ,, | ০.০১ |
| ২৮৮২ ,, | ০.০৪ |
| ২৮৮৩ ,, | ০.০১ |
| ২৮৮৪ ,, | ০.০১ |
| ২৮৮৫ ,, | ০.০১ |
| ২৮৮৬ ,, | ০.০২ |
| ২৮৮৭ ,, | ০.০১ |
| ২৮৮৮ ,, | ০.০২ |
| ২৮৮৯ ,, | ০.০৩ |
| ২৮৯০ ,, | ০.০৩ |
| ২৮৯১ ,, | ০.০৩ |
| ২৮৯২ ,, | ০.০৪ |
| ২৮৯৪ ,, | ০.১৬ |
| ২৮৯৫ ,, | ০.০৭ |
| ২৮৯৬ ,, | ০.১১ |
| ২৮৯৭ ,, | ০.১৭ |
| ২৮৯৮ ,, | ০.০৮ |
| ২৮৯৯ ,, | ০.০৮ |
| ২৯০০ ,, | ০.১৫ |
| ২৯০১ ,, | ০.১০ |
| ২৯০২ ,, | ০.০৮ |
| ২৯০৩ ,, | ০.০৫ |
| ২৯০৪ ,, | ০.২৫ |
| ২৯০৫ ,, | ০.০৯ |
| ২৯০৬ ,, | ০.১০ |
| ২৯০৭ ,, | ০.০৬ |
| ২৯০৮ ,, | ০.১৪ |
| ২৯০৯ ,, | ০.০১ |
| ২৯১০ ,, | ০.০২ |
| ২৯১১ ,, | ০.২৬ |
| ২৯১২ ,, | ০.১১ |
| ২৯১৩ ,, | ০.০৪ |
| ২৯১৪ ,, | ০.০৩ |
| ২৯১৮ ,, | ০.০১ |
| ২৯১৯ ,, | ০.০১ |
| ২৯২১ ,, | ০.০৪ |
| ২৯২২ ,, | ০.০৫ |
| ২৯২৩ ,, | ০.০৫ |
| ২৯২৪ ,, | ০.০৫ |
| ২৯২৫ ,, | ০.০৩ |
| ২৯২৬ ,, | ০.২৭ |
| ২৯২৭ ,, | ০.১০ |
| ২৯২৮ ,, | ০.১১ |
| ২৯৩৬ ,, | ০.১৮৫০ |

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৯৩৭ পূর্ণ | ০.০৪ |
| ২৯৩৮ ,, | ০.৩২ |
| ২৯৩৯ আংশিক | ০.০৯ |
| ২৯৪১ ,, | ০.১২৫০ |
| ২৯৪৫ ,, | ০.২৫ |
| ২৯৫২ ,, | ০.১৩ |
| ২৯৫৩ পূর্ণ | ০.৮৯ |
| ২৯৫৪ ,, | ০.৪৬ |
| ২৯৫৫ ,, | ০.২৬ |
| ২৯৫৬ ,, | ০.৪৩ |
| ২৯৫৭ ,, | ০.০৯ |
| ২৯৫৮ আংশিক | ০.৪৪ |
| ২৯৫৯ ,, | ০.২১ |
| ২৯৬৭ ,, | ০.৩৭ |
| ২৯৬৮ পূর্ণ | ০.১৪ |
| ২৯৬৯ আংশিক | ০.০৮ |
| ২৯৭৪ ,, | ০.০১ |
| ২৯৭৫ ,, | ০.১২ |
| | মোট =৮.৯৫ একর |

মৌজা মইষাশুড়া, জে. এল নং-৩১২, উপজেলা নরসিংদী সদর, জেলা নরসিংদী।

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৫০৮ আংশিক | ০.০১ |
| ৫০৯ ,, | ০.০৬ |
| ৫১০ ,, | ০.০৩ |
| ৫১৩ ,, | ০.০৩ |
| ৫২০ ,, | ০.০৭ |
| ৫২১ ,, | ০.০২ |
| ৫২২ ,, | ০.০২ |
| ৫২৩ ,, | ০.০২ |
| ৫২৪ ,, | ০.০১ |
| ৫২৫ ,, | ০.০১ |
| ৫২৬ ,, | ০.০১ |
| ৫২৭ ,, | ০.০২ |
| ৫২৮ ,, | ০.০২ |
| ৫২৯ ,, | ০.০২ |
| ৫৩০ ,, | ০.০৩ |
| ৫৫৬ ,, | ০.০৩ |
| ৫৫৭ ,, | ০.০৬ |
| ৫৬০ ,, | ০.০৩ |
| ৫৬১ ,, | ০.০২ |

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৫৬২ ,, | ০.০২ |
| ৫৬৮ ,, | ০.০৩ |
| ৫৬৯ ,, | ০.০৩ |
| ৫৭১ ,, | ০.০১ |
| ৫৮৭ ,, | ০.০৮ |
| ৫৮৮ ,, | ০.০৩ |
| ৫৮৯ ,, | ০.০২ |
| ৫৯০ ,, | ০.০৪ |
| ৫৯২ ,, | ০.০২ |
| ৫৯৩ ,, | ০.০১ |
| ৬৫৫ ,, | ০.২২ |
| ৬৫৬ ,, | ০.১৪ |
| ৬৫৭ ,, | ০.১১ |
| ৬৫৮ ,, | ০.১৪ |
| ৬৬০ পূর্ণ | ০.০৮ |
| ৬৬১ ,, | ০.০৬ |
| ৬৬২ ,, | ০.০৯ |
| ৬৬৩ আংশিক | ০.০২ |
| ৬৬৪ ,, | ০.১৩ |
| ৬৬৫ ,, | ০.০৯ |
| ৬৬৬ ,, | ০.০৫ |
| ৬৬৭ ,, | ০.৩২ |
| ৬৭৬ ,, | ০.০১ |
| ৬৭৭ ,, | ০.০১ |
| ৬৭৮ ,, | ০.০২ |
| ৬৭৯ ,, | ০.০১ |
| ৬৮০ পূর্ণ | ০.৩৯ |
| ৬৮১ আংশিক | ০.৪৭ |
| ৬৮২ ,, | ০.২৫ |
| ৬৯০ ,, | ০.০৬ |
| ৬৯১ পূর্ণ | ০.১৩ |
| ৬৯২ ,, | ০.৩১ |
| ৬৯৩ আংশিক | ০.০৯ |
| ৬৯৪ ,, | ০.০৯ |
| ৭০৬ ,, | ০.৩৫ |
| ৭০৭ ,, | ০.২১ |
| ৭০৮ পূর্ণ | ০.০৯ |
| ৭০৯ ,, | ০.০৬ |
| ৭১০ ,, | ০.১১ |
| ৭১১ ,, | ০.০৫ |
| ৭১২ ,, | ০.০৮ |
| ৭১৩ ,, | ০.০৫ |
| ৭১৪ ,, | ০.০৬ |
| ৭১৫ আংশিক | ০.২২ |

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৭১৬ পূর্ণ | ০.১৭ |
| ৭১৭ আংশিক | ০. ১৪ |
| ৭১৮ ,, | ০.১২ |
| ৭১৯ ,, | ০.১২ |
| ৭২০ ,, | ০.২৫ |
| ৭২১ পূর্ণ | ০.০৭ |
| ৭২২ ,, | ০.০৮ |
| ৭২৩ ,, | ০.৩৩ |
| ৭২৫ ,, | ০.১৮ |
| ৭২৬ ,, | ০.১৮ |
| ৭২৭ ,, | ০.৩৩ |
| ৭২৮ ,, | ০.৪০ |
| ৭৩০ ,, | ০.২০ |
| ৭৩১ ,, | ০.২২ |
| ৭৭৮ ,, | ০.১৫ |
| ৭৭৯ ,, | ০.২১ |
| ৭৮০ ,, | ০.১৭ |
| ৭৮১ ,, | ০.১২ |
| ৭৮২ ,, | ০.১২ |
| ৭৮৩ ,, | ০.১৩ |
| ৭৮৪ ,, | ০.১০ |
| ৭৮৫ ,, | ০.১৫ |
| ৭৮৬ ,, | ০.৪০ |
| ৭৮৭ ,, | ০.০৬ |
| ৭৮৮ ,, | ০.১৬ |
| ৭৮৯ ,, | ০.১৬ |
| ৭৯০ ,, | ০.১৬ |
| ৭৯১ ,, | ০.১৬ |
| ৭৯২ ,, | ০.২৮ |
| ৭৯৩ ,, | ০.২০ |
| ৮৫৫ ,, | ০.১৫ |
| ৮৫৬ ,, | ০.২৯ |
| ৮৮০ ,, | ০.০৩ |
| ৮৮১ ,, | ০.৫৪ |
| ৮৮৩ ,, | ০.৩৬ |
| ৮৮৪ ,, | ০.২৩ |
| ৮৮৫ ,, | ০.২৭ |
| ৮৮৬ ,, | ০.২৪ |
| ৮৮৭ ,, | ০.৪০ |
| ৮৮৮ ,, | ০.০৬ |
| ৮৮৯ ,, | ০.০৬ |
| ৮৯০ ,, | ০.১৪ |
| ৯২৯ ,, | ০.২১ |
| ৯৩০ ,, | ০.১৫ |

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৯৩১ আংশিক | ০.০৬ |
| ৯৩২ ,, | ০.০৭ |
| ৯৩৪ ,, | ০.০৬ |
| ৯৩৮ ,, | ০.১৬ |
| ৯৪০ পূর্ণ | ০.১১ |
| ৯৪১ ,, | ০.০৬ |
| ৯৪২ ,, | ০.০৬ |
| ৯৪৪ ,, | ০.০৬ |
| ৯৪৫ ,, | ০.১২ |
| ৯৪৭ ,, | ০.১৩ |
| ৯৪৮ ,, | ০.১০ |
| ৯৫০ ,, | ০.১০ |
| ৯৫১ ,, | ০.০৭ |
| ৯৫২ ,, | ০.০৮ |
| ৯৫৩ ,, | ০.০৮ |
| ৯৫৯ আংশিক | ০.২০ |
| ৯৬০ ,, | ০.১২ |
| ৯৬১ ,, | ০.২৪ |
| ৯৬২ ,, | ০.২৩ |
| ৯৬৩ পূর্ণ | ০.২৯ |
| ৯৮৯ আংশিক | ০.৪২ |
| ১০২৫ পূর্ণ | ০.৩৫ |
| ১০২৬ ,, | ০.৩৪ |
| ১০২৭ আংশিক | ০.৪৬ |
| ১০৩০ ,, | ০.১২ |
| ১১৩০ ,, | ০.০৩ |
| ১১৩১ ,, | ০.০৪ |
| ১১৩২ ,, | ০.৪৭ |
| ১১৩৩ ,, | ০.৩২ |
| ১১৩৪ ,, | ০.২০ |
| ১১৩৫ ,, | ০.৫৮ |
| ১১৩৬ | ০.৭২ |
| ১১৩৭ ,, | ০.০১ |
| ১১৩৮ ,, | ০.২৭ |
| ১১৩৯ ,, | ০.১৮ |
| ১১৪৩ ,, | ০.০৯ |
| ১১৪৪ ,, | ০.১০ |
| ১১৪৫ ,, | ০.০৬ |
| ১১৪৭ ,, | ০.০৮ |
| ১১৪৮ ,, | ০.০৭ |
| ১১৬৪ ,, | ০.০৫ |
| ১৩৫১ পূর্ণ | ০.০৪ |
| ১৩৬০ ,, | ০.১৪ |
| ১৩৬৭ ,, | ০.২৩ |

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৩৬৮ পূর্ণ | ০.২৭ |
| ১৩৬৯ ,, | ০.১৪ |
| ১৩৭০ ,, | ০.১৮ |
| ১৩৭১ ,, | ০.১৫ |
| ১৩৭২ ,, | ০.১৪ |
| ১৩৭৩ ,, | ০.১৪ |
| ১৩৭৮ ,, | ০.৮০ |
| ১৩৮০ ,, | ০.১১ |
| ১৩৮১ ,, | ০.২০ |
| ১৩৮২ ,, | ০.২০ |
| ১৩৮৩ ,, | ০.৪১ |
| ১৩৮৬ ,, | ০.২৫ |
| ১৩৮৭ ,, | ০.২৭ |
| ১৩৮৮ ,, | ০.০৫ |
| ১৩৮৯ ,, | ০.৪৬ |
| ১৩৯০ ,, | ০.১৫ |
| ১৩৯১ ,, | ০.৩৮ |
| ১৩৯২ ,, | ০.৩৪ |
| ১৩৯৩ ,, | ০.১৬ |
| ১৩৯৪ ,, | ০.২১ |
| ১৩৯৫ ,, | ০.০৮ |
| ১৩৯৬ ,, | ০.১৮ |
| ১৩৯৮ ,, | ০.২০ |
| ১৩৯৯ ,, | ০.৩০ |
| ১৪০০ ,, | ০.১০ |
| ১৪০১ ,, | ০.১৪ |
| ১৪০২ ,, | ০.১০ |
| ১৪০৯ ,, | ০.০২ |
| ১৪১০ ,, | ০.১৫ |
| ১৪১১ ,, | ০.৪১ |
| ১৪১৭ ,, | ০.০১ |
| ১৪১৮ আংশিক | ০.১৩ |
| ১৪১৯ ,, | ০.১২ |
| ১৪২০ ,, | ০.৫৯ |
| ১৪২১ পূর্ণ | ০.১০ |
| ১৪৮৭ ,, | ০.১২ |
| ১৪৮৮ ,, | ০.০১ |
| ১৫২৩ ,, | ০.১০ |
| ১৫২৪ ,, | ০.১৪ |
| ১৫২৫ ,, | ০.৩২ |
| ১৫২৬ ,, | ০.৩৫ |
| ১৫২৭ ,, | ০.০৪ |

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৫২৮ ,, | ০.০৮ |
| ১৫২৯ ,, | ০.২৮ |
| ১৫৩০ ,, | ০.১৭ |
| ১৫৩১ ,, | ০.০১ |
| ১৫৩২ ,, | ০.২৬ |
| ১৫৩৭ ,, | ০.০৭ |
| ২০৮১ ,, | ০.১৭ |
| ২০৮২ ,, | ০.০৫ |
| ২০৯০ ,, | ০.০৮ |
| ২০৯১ ,, | ০.৩৬ |
| ২০৯২ ,, | ০.০৮ |
| ২০৯৩ ,, | ০.২৭ |
| ২০৯৪ ,, | ০.১৩ |
| ২০৯৫ ,, | ০.১২ |
| ২০৯৭ ,, | ০.০১ |
| ২০৯৮ ,, | ০.১৬ |
| ২০৯৯ ,, | ০.২৬ |
| ২১০০ ,, | ০.১২ |
| ২১১৯ ,, | ০.২৫ |
| ২১২০ ,, | ০.১৪ |
| ২১২১ ,, | ০.৩০ |
| ২১২২ ,, | ০.৩৮ |
| ২১২৩ ,, | ০.১৪ |
| ২১২৪ ,, | ০.৩৯ |
| ২১২৫ ,, | ০.৩৪ |
| ২১২৬ ,, | ০.১৮ |
| ২১৩০ আংশিক | ০.০২ |
| ২১৬৯ ,, | ০.০৪ |
| ২১৭৮ ,, | ০.০৫ |
| ২১৮৮ পূর্ণ | ০.০১ |
| ২১৯৫ ,, | ০.১৪ |
| ২১৯৭ ,, | ০.০৪ |
| | মোট =৩৫.৬৭ একর |

সর্বমোট ২ (দুই) টি মৌজায় ৪৪.৬২ একর কম/বেশী।

ইহা নরসিংদী জেলার নরসিংদী সদর থানার বালুসাইর বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প এর জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এ আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আব্দুল কাদের**
উপসচিব।

**এল, এ কেস নং-৪৪/৭৮-৭৯**

**ফরম-ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৯ মার্চ ২০১৫

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৯-০৫-১৯৮১ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন ঃ

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল ঃ

**তফসিল**

মৌজা ঃ সাটিরপাড়া, জে, এল নং-২৯৩, উপজেলা নরসিংদী সদর, জেলা নরসিংদী।

| সি.এস. দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৯১০ আংশিক | ০.০৩ |
| ২৯২৫ ,, | ০.০৩ |
| ২৯২৬ ,, | ০.০৪ |
| ২৯২৭ ,, | ০.০২ |

সর্বমোট ৪(চার) টি দাগে মোট =০.১২ একর

ইহা নরসিংদী জেলার বালুসাইর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ প্রকল্প এর জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদীতে আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আব্দুল কাদের**
উপসচিব।

---

**এল, এ কেস নং-১৬২(বি)/৭৬-৭৭**

**ঘোষণাপত্র**

**(ফরম-ঘ)**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১৫ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৩.১৫-৩০১**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ০৭-০৭-১৯৭৭ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

জেলা বরিশাল, উপজেলা বরিশাল সদর, মৌজা সোলনা, জে, এল নং-০২।

দাগ নং (পূর্ণ) ঃ ১৩৫৮ (আংশিক) ঃ ১৬৫, ১৬৬, ১৭০, ১৭১, ১৭৪, ১৭৫, ১৭৯, ১৮০, ১৮৫, ১৮৬, ১৮৯, ১৯১, ১৯৩, ১৯৮, ২০০, ২০৯, ১৩৪১ ও ১৩৪৫।

মোট জমির পরিমাণ ঃ ১.৭৫ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়, এল, এ, শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল, এ কেস নং-২৪(বি)/৭৬-৭৭**

**ঘোষণাপত্র**

**ফরম-ঘ**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-০৩-১৯৭৭ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

জেলা বরিশাল, উপজেলা গৌরনদী, মৌজা জোবারপাড়, জে, এল নং-১০১।

দাগ নং (পূর্ণ) ৪৬২, ৪৬৬, ৪৮৮, ৪৮৯, ৫০৩, ৫০৬, ৫০৭, ৫৫১, ৫৬২ ও ১৫৩৮।

(আংশিক) ১৯, ২০, ২১, ২২, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ১৩৬, ৪৫১, ৪৬০, ৪৬১, ৪৬৩, ৪৬৫, ৪৬৭, ৪৭৩, ৪৭৪, ৪৭৫, ৪৮৭, ৪৯০, ৫০২, ৫০৪, ৫০৫, ৫০৮, ৫০৯, ৫৩৩, ৫৩৭, ৫৩৮, ৫৩৯, ৫৪৬, ৫৪৮, ৫৫২, ৫৫৫, ৫৫৬, ৫৬১, ৫৬৩, ৫৬৬, ৫৬৮, ৫৬৯, ৫৭০, ৫৭১, ১১৯৭, ১১৯৮, ১১৯৯, ১২০১, ১২০৩, ১২০৪, ১২০৫, ১২০৬, ১২০৭, ১২০৮ ও ১৫৩৯।

মোট জমির পরিমাণ ঃ ১২.২৯ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের, এল, এ, শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

**এল, এ কেস নং-১১৬(বি)/৭৬-৭৭**

**ঘোষণাপত্র**

**ফরম-ঘ**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-১২-১৯৭৬ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

জেলা বরিশাল, উপজেলা বরিশাল সদর, মৌজা দক্ষিণচর আইচা, জে, এল নং-৬০।

দাগ নং (আংশিক) ১৮২২, ১৮২৫, ১৮২৬, ১৮২৭, ১৮২৮, ১৮৩২, ১৮৩৬, ১৮৩৭, ১৮৩৮, ১৮৩৯, ১৮৪২, ১৮৪৪, ১৮৪৫, ১৮৪৬, ১৮৫৩, ১৮৫৪, ১৮৫৫, ১৮৫৬, ১৯৬০, ১৯৬১, ১৯৬২, ১৯৫৩, ১৯৬৬ ও ৪৩৯৮।

মোট জমির পরিমাণ ঃ ০.৭০ (সত্তর শতাংশ) একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের, এল, এ, শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল, এ কেস নং-১২৭(বি)/৭৬-৭৭**

**ঘোষণাপত্র**

**ফরম-ঘ**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-১২-১৯৭৬ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

জেলা বরিশাল, উপজেলা বরিশাল সদর, মৌজা দক্ষিণ দূর্গাপুর, জে, এল নং-৬৭।

দাগ নং (পূর্ণ) ৫০১।

(আংশিক) ৫০০, ৫০২, ৭৬৫, ৭৬৭, ৭৬৮, ৭৬৯, ৭৭০, ৭৭২, ৭৭৩, ৭৭৪, ৭৭৫, ৮১৪, ৮১৫, ৮১৭ ও ৮১৮।

মোট জমির পরিমাণ ঃ ১.৫৬ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের, এল, এ, শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ০৯ আষাঢ় ১৪২২/২৩ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৯.০৩৩.০০৭.১৩-২৫২**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | বাকরকোনা | ৭৯ | গৌরীপুর | ময়মনসিংহ |

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০১.১৫৮.২০১০-২৫৩**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি সংশোধিত আকারে চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | উত্তর শ্যামপুর | ৬১ | শিবগঞ্জ | বগুড়া |
| (২) | পিপুল বাড়ীয়া | ৮০ | ধুনট | বগুড়া |
| (৩) | সুহলি | ৭৮ | ক্ষেতলাল | জয়পুরহাট |
| (৪) | ধল্‌টিকর | ২০৪ | পাঁচবিবি | জয়পুরহাট |

তারিখ, ১০ আষাঢ় ১৪২২/২৪ জুন ২০১৫

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৬৩.২০১০-২৫৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | নেওয়ারগাছা | ১১৮ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (২) | ভবানীপুর | ১৪২ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (৩) | সিলিমপুর | ১৬৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৪) | খানপুর | ১৯২ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (৫) | সুরঞ্চ | ২৬৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (৬) | নিয়োগী জোয়াইর | ২৬৪ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (৭) | কুমুল্লি | ২৭৭ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (৮) | রেহাই জিনাই | ১৫৬ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (৯) | মিরপুর | ৫৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| (১০) | খিলদা বশত | ১২২ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১১) | খরুলিয়া | ১৬৪ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১২) | সরাগী | ২০৮ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৩) | দেউলিয়াবাড়ী | ৭৮ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৪) | ঢোল শিমুল | ২৬৬ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৫) | পাটিতাপাড়া | ১৮৮ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৬) | দত্তগ্রাম | ২১২ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৭) | কুর্শাবেনু | ২৩ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৮) | বিলপালিমা | ১৩৩ | কালিহাতী | টাঙ্গাইল |
| (১৯) | নিকলাগোপাল | ৯৯ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২০) | বিলচাপড়া | ৯৩ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২১) | বিল আমুলা | ১০০ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২২) | চরবিহারী | ০৯ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২৩) | চর তারাই | ৩২ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২৪) | নিকলা গোবর্দ্ধন | ১০৪ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২৫) | কোনাবাড়ী | ৭০ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২৬) | সার পলিশা | ৮৪ | ভূয়াপুর | টাঙ্গাইল |
| (২৭) | অষ্টচল্লিশা | ৮১ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (২৮) | অলিপুর | ৭৬ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (২৯) | গালা | ৯৩ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩০) | কুরমুনি | ১২৬ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩১) | ঘোরামাড়া | ২১৮ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩২) | কোনাবাড়ী | ২৮০ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৩) | বসুবাড়ী | ১৪৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৪) | গোবিন্দপুর | ১৭৪ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৫) | মেদিনীপাড়া | ১৮১ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৬) | কান্দুলিয়াপাড়া | ১৯৪ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৭) | করের দেওনাপাড়া | ১৯৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৮) | অর্জুন কাছড়া | ২১১ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৩৯) | পাঞ্জরচালা | ২১৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৪০) | বিলকল্যান | ২২৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৪১) | বানিবাসা | ২৩৩ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৪২) | হরিনা | ২৩৬ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৪৩) | মলঙ্গা | ২৫৪ | ঘাটাইল | টাঙ্গাইল |
| (৪৪) | হিংগানগর | ৪৮ | দেলদুয়ার | টাঙ্গাইল |
| (৪৫) | মীর কুমুল্লি | ৩৬ | দেলদুয়ার | টাঙ্গাইল |
| (৪৬) | কাঠালিয়া | ৫১ | দেলদুয়ার | টাঙ্গাইল |
| (৪৭) | গাছ কুমুল্লি | ১০০ | দেলদুয়ার | টাঙ্গাইল |
| (৪৮) | গোমজানী | ০৫ | দেলদুয়ার | টাঙ্গাইল |
| (৪৯) | মুশুরিয়া | ৪৯ | দেলদুয়ার | টাঙ্গাইল |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৬.২০১৪-২৫৯**— ১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | রামপাশা | ৫৭ | বিশ্বনাথ | সিলেট |
| (২) | ধর্মদা | ৭০ | বিশ্বনাথ | সিলেট |
| (৩) | কালিজুরী | ৯৭ | বিশ্বনাথ | সিলেট |
| (৪) | দশঘর | ১০১ | বিশ্বনাথ | সিলেট |
| (৫) | পাঁচসেওতী | ২৫ | জৈন্তাপুর | সিলেট |
| (৬) | ডেঙ্গাই | ৭৬ | জৈন্তাপুর | সিলেট |
| (৭) | পাকড়ী | ১০০ | জৈন্তাপুর | সিলেট |
| (৮) | ব্রাহ্মণগাম পশ্চিম | ১২৩ | কানাইরঘাট | সিলেট |
| (৯) | ধনপুর | ১৪৯ | কানাইরঘাট | সিলেট |
| (১০) | আলিয়াবাদ | ৪৬ | বালাগঞ্জ | সিলেট |
| (১১) | বশিরপুর | ১৬১ | বালাগঞ্জ | সিলেট |
| (১২) | বাজিতপুর | ১৬৬ | বালাগঞ্জ | সিলেট |
| (১৩) | নিজ গহরপুর | ২১০ | বালাগঞ্জ | সিলেট |
| (১৪) | দমদোমা হাওর | ১ | গোয়াইনঘাট | সিলেট |
| (১৫) | কাটলি কোনা | ৪ | গোয়াইনঘাট | সিলেট |
| (১৬) | বারকিপুর হাওর | ৯৭ | গোয়াইনঘাট | সিলেট |
| (১৭) | লামা সাতাইন হাওর | ৯৮ | গোয়াইনঘাট | সিলেট |
| (১৮) | উত্তর হাতির পাড়া | ১০৫ | গোয়াইনঘাট | সিলেট |
| (১৯) | কর্ণি | ১১৭ | গোয়াইনঘাট | সিলেট |
| (২০) | পশ্চিম পেকের খাল হাওর | ১২৮ | গোয়াইনঘাট | সিলেট |
| (২১) | মেউয়া বিল | ১৩০ | গোয়াইনঘাট | সিলেট |
| (২২) | ঘোড়ামারা কান্দি | ১৩৪ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৩) | ফুটকরা খালের পার | ১৪১ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৪) | সাহাপুর হাওর | ১৪৭ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৫) | থুবরি হাওর | ১৫১ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৬) | গুলনি চাবাগিচা | ১৮৩ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৭) | নয়াগাম হাওর | ২২৮ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৮) | গুয়াখাই | ২৩৪ | গোয়াইনঘাট | সিলেট |
| (২৯) | লাউবিল জুলাই | ২৩৫ | গোয়াইনঘাট | সিলেট |

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৩০) | আঙ্গুরা | ৫৭ | বিয়ানীবাজার | সিলেট |
| (৩১) | নন্দীশ্বর | ১২৬ | বিয়ানীবাজার | সিলেট |
| (৩২) | গুলসার | ২৬ | বড়লেখা | মৌলভীবাজার |
| (৩৩) | মির্জাপুর টি ষ্টেট | ১২ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৪) | সহিদপুর | ৪৩ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৫) | হাবিবপুর | ৪৫ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৬) | মাইজদি | ৫০ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৭) | সুনগইর | ৬৮ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৮) | রামনগর | ৬৯ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৯) | বালিশিরা পাহাড় ব্লক-৪ | ৭৪ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৪০) | নাছিরপুর | ৮ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার |
| (৪১) | ধর্মপুর | ৪২ | লাখাই | হবিগঞ্জ |
| (৪২) | বামৈ | ৬১ | লাখাই | হবিগঞ্জ |
| (৪৩) | কাটিহারা | ৬৩ | লাখাই | হবিগঞ্জ |
| (৪৪) | লখনার আব্দা | ২০৩ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৪৫) | দিগলবাগ | ২১৩ | বানিয়াচং | হবিগঞ্জ |
| (৪৬) | বাউসী | ২ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৪৭) | সাতহাতিয়া | ২৬ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৪৮) | গঙ্গাধরপুর | ৮৪ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৪৯) | সাইটকাহন | ১০৩ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৫০) | জিয়াদিপুর | ১২১ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৫১) | দৌলতপুর দক্ষিণ | ১৩০ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৫২) | কৈতকপুর | ১৫৫ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৫৩) | জাহিদপুর | ১৬৬ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৫৪) | নহরজপুর | ১৮২ | নবীগঞ্জ | হবিগঞ্জ |
| (৫৫) | গরুচড়া | ৬৬ | ছাতক | সুনামগঞ্জ |
| (৫৬) | কপালা | ৭৯ | ছাতক | সুনামগঞ্জ |
| (৫৭) | কুটুরী | ৮২ | ছাতক | সুনামগঞ্জ |
| (৫৮) | পাইগাঁও | ৯৭ | ছাতক | সুনামগঞ্জ |
| (৫৯) | হাতদুলালি | ১১৬ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬০) | তাতর | ১৩৪ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬১) | সৈতারপাড়া | ১৩৮ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬২) | নাদামপুর | ১৩৯ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৩) | নানচিরি | ১৪২ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৪) | উত্তর রুস্তমপুর | ১৪৫ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৫) | হাামিদপুর | ১৪৮ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৬) | পৈলানপুর | ১৬১ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৭) | করচা | ১৬৪ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৮) | পশ্চিম চান্দপুর | ১৭৭ | ছাতক | সুনামগঞ্জ |
| (৬৯) | কালিদাস পাড়া | ১৮৫ | ছাতক | সুনামগঞ্জ |

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৭০) | শাসন চক | ২১৫ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭১) | খলাগাঁও | ২১৯ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭২) | মুক্তারপুর | ২২৯ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৩) | নমশাকপুর | ২৩০ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৪) | হাত ফাতেমা | ২৩৪ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৫) | মহব্বতপুর | ২৪৩ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৬) | সুনামপুর | ২৫৫ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৭) | সাতগাঁও | ২৫৬ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৮) | পশ্চিম জগঝাপ | ২৫৮ | ছাতক | সুনামগঞ্জ |
| (৭৯) | গাগলাজুর | ২৬৪ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮০) | গোপালপুর উত্তর | ২৬৮ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮১) | সঞ্জবপুর | ২৮০ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮২) | ইসহাকপুর বাদে | ২৮৫ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮৩) | কাবুলপুর ভুবানন্দ | ২৮৮ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮৪) | ভানুপথ | ৩০৩ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮৫) | কৃষ্ণপুর | ৩০৮ | ছাতক | সুনামগঞ্জ |
| (৮৬) | দত্তপাড়া | ৭০ | ধর্মপাশা | সুনামগঞ্জ |
| (৮৭) | বৈঠাখালী | ৮০ | ধর্মপাশা | সুনামগঞ্জ |
| (৮৮) | কাউয়াহানী | ১৩০ | ধর্মপাশা | সুনামগঞ্জ |
| (৮৯) | দগনাই | ১৩৫ | ধর্মপাশা | সুনামগঞ্জ |
| (৯০) | সুকদেবপুর | ১৬২ | ধর্মপাশা | সুনামগঞ্জ |
| (৯১) | উত্তর শ্রীনিধিপুর | ৪৯ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯২) | প্রভাকরপুর | ৫৭ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৩) | আশার কান্দি | ১১০ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৪) | শহিদনগর | ১১৭ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৫) | মাছিমপুর | ১২৩ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৬) | করিমপুর | ১২৮ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৭) | চন্ডিহেদায়েতপুর | ১৩০ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৮) | নারায়নপুর | ১৩৪ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৯৯) | সোনাতনপুর চক ১ম খন্ড | ১৪৫ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (১০০) | গ্রাম রসুলপুর | ২৩১ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (১০১) | বড়শেওড়া | ২৩২ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (১০২) | আটালিয়া | ২৪৬ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (১০৩) | নালিয়ারবন্দ | ৬৪ | তাহিরপুর | সুনামগঞ্জ |
| (১০৪) | বড়কাড়া | ৭৬ | তাহিরপুর | সুনামগঞ্জ |
| (১০৫) | পৈলানপুর | ৮৪ | তাহিরপুর | সুনামগঞ্জ |
| (১০৬) | কুনাহাট | ৯৯ | তাহিরপুর | সুনামগঞ্জ |
| (১০৭) | লামাপাড়া | ১০৩ | তাহিরপুর | সুনামগঞ্জ |
| (১০৮) | পূর্ব জামানপুর | ১২৯ | তাহিরপুর | সুনামগঞ্জ |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ১৫ আষাঢ় ১৪২২/২৯ জুন ২০১৫

**নং ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩-৩৯৩**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব নিরঞ্জন চন্দ্র দাস, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ (সংযুক্ত জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জয়পুরহাট) বিগত ২৯-০৫-২০১৫ খ্রি. তারিখ রোজ শুক্রবার সিরাজগঞ্জের খাজা ইউনুস হাসপাতালে চিকিৎসারত অবস্থায় বেলা ১২.৪১ ঘটিকায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বৎসর ০৪ মাস ২৯ দিন।

২। প্রয়াত নিরঞ্জন চন্দ্র দাস, পিতা-প্রয়াত সুরেশ চন্দ্র দাস, বগুড়া জেলার কুকি কালি দাস গ্রামে এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে ৩১-১২-১৯৫৭ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি বিগত ৩১-০৭-১৯৮২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য অধিদপ্তরে কর্মজীবন শুরু করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, সন্তান, আত্মীয়স্বজন এবং বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ এবং নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রয়াত নিরঞ্জন চন্দ্র দাস এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

**শেলীনা আফরোজা,** পিএইচডি
সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৮ জুলাই ২০১৫

**নং মশিবিম/শা-জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-২)/৩১**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার সোনারগাঁ উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | উপ-ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মাহমুদা ইসলাম ফেন্সী, স্বামী-মোঃ তাজুল ইসলাম খোকা, সাং-দমদমা, পোঃ বড়নগর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোসাঃ জাহানারা আক্তার, স্বামী-মতিউর রহমান, সাং-ভাটি বন্দর, পোঃ সোনারগাঁ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | ডালিয়া লিয়াকত, স্বামী-লিয়াকত হোসেন খোকা, সাং-হাবিবপুর, পোঃ বড়নগর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | চেয়ারম্যান |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | কোহিনুর ইসলাম, স্বামী- মোঃ ইসলাম মিয়া, সাং-বাড়ীশ্রীরামপুর, পোঃ সোনারগাঁ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | নাছিমা আক্তার, স্বামী- মোঃ আবু বকর সিদ্দিক, সাং-আলমদী, পোঃ বারদী, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ৩নং ক্রমিকের ডালিয়া লিয়াকত উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ০৪-০৪-২০১৫ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-২)/৩৩**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, তালা, সাতক্ষীরা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার তালা উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | উপ-ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | বেগম মঞ্জুয়ারা খাতুন, প্রভাষক, বাংলা বিভাগ, শহীদ মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, তালা, সাতক্ষীরা। স্বামী-সৈয়দ জুলফিকার আকবর, গ্রামঃ-তেঁতুলিয়া, পোঃ-সুকদেবপুর, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা। | সদস্য |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | বেগম মোস্তারী সুলতানা, স্বামী- মোঃ মাসুদ আলী বিশ্বাস, গ্রাম+পোঃ-পাটকেলঘাটা, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা। | চেয়ারম্যান |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বেগম হাসিনা পারভীন, পিতাঃ-মৃত মোমতাজ আলী, গ্রাম+পোঃ-পাটকেলঘাটা, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা। | সদস্য |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বেগম গুলশান আরা খাতুন, স্বামী- শেখ জালাল উদ্দীন, গ্রামঃ-শিরাশুনী, পোঃ-শুভাষিনী, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বেগম রোকেয়া বেগম, স্বামী- মোঃ মকবুল হোসেন, গ্রাম+পোঃ+উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা। | সদস্য |

২। উপরে উল্লেখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের বেগম মোস্তারী সুলতানা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ৩০-০৫-২০১৪ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সহকারী সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আষাঢ় ১৪২২/৯ জুলাই ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৫-১৯৭**— যেহেতু জনাব মোঃ আমানউল্লাহ (পরিচিতি নম্বর ০০৫০২৮), নির্বাহী প্রকৌশলী, পিরিয়ডিক মেইনটেন্যান্স ডিভিশন-২, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চঃ দাঃ, সুনামগঞ্জ সড়ক বিভাগ, সুনামগঞ্জ) তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ১৩-০৩-২০১২ তারিখের ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১(অংশ-১)-৩৬ সংখ্যক অফিস আদেশে অতীব জরুরি প্রয়োজন (যেমনঃ প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা, সড়ক নেটওয়ার্ক বিপর্যয় ইত্যাদি) ব্যতীত Limited Tendering Method (LTM) এর মাধ্যমে কার্য সম্পাদনে সড়ক বিভাগের উন্নয়ন উইং প্রধানের সম্মতি গ্রহণ করার নির্দেশনা থাকা সত্ত্বেও সম্মতি গ্রহণ না করে LTM পদ্ধতিতে কার্য সম্পাদন প্রক্রিয়াকরণ করেছেন;

যেহেতু মন্ত্রণালয়ের সুস্পষ্ট নির্দেশনা থাকা স্বত্ত্বেও উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে সুনামগঞ্জ সড়ক বিভাগের ৩টি কাজ, যথা :

(i) Emergency repair of damaged pavement at 4 th (P) km of Gobindagonj-Chhatak-Duarabazar Road under Sunamganj Road Division during the year 2012-2013; (ii) Emergency repair of damaged pavement at 5 th (P) km of Gobindagonj-Chhatak-Duarabazar Road under Sunamganj Road Division during the year 2012-2013; & (iii) Construction of km post, Traffic signs, Sign post, Concrete guide post and Palisading at different km of Sunamganj-Kachirgati-Biswambarpur Road under Sunamganj Road Division, during the year 2012-2013 সম্পাদনের নিমিত্ত ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রস্তাব প্রেরণ করে সরকারি আদেশ লঙ্ঘনসহ পিপিআর, ২০০৮ লঙ্ঘন করেন;

যেহেতু, সড়ক ও জনপথ অধিদপ্তরের সিলেট জোনের আওতাধীন সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ সড়ক বিভাগের LTM দরপত্রের মাধ্যমে দুর্নীতি ও অনিয়ম করে অর্থ আত্মসাতের বিষয়টি তদন্ত করার জন্য তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ২৫-৪-২০১৩ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.১৪.০২৭.১৩-১৯৪ সংখ্যক স্মারকের মাধ্যমে ২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক গত ১১-৬-২০১৩ তারিখের ৩৫.০০.০০০০.০১২.০১৬.০০১.১৩-১৪৩ সংখ্যক স্মারক মারফত দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখিত ৩টি প্যাকেজের কাজ কোন অবস্থাতেই অতি জরুরী ভিত্তিতে সম্পাদন করার মত পরিস্থিতি দৃষ্টি গোচর হয়নি এবং কাজটি পিপিআর, ২০০৮ লঙ্ঘন করে সম্পাদন করা হয়েছে মর্মে উল্লেখ করে;

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ এবং একই বিধিমালার বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৪/২০১৫ রুজু করা হয়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি গত ২৪-২-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২৩-৩-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আলাউদ্দিন ফকিরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদীয় প্রতিবেদনে উল্লেখ করেন যে, বিবেচনাধীন কাজ ৩টি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য LTM প্রয়োগে দরপত্র গ্রহণের প্রস্তাব প্রেরণ করে পিপিআর, ২০০৮ লঙ্ঘন করেছেন মর্মে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয়নি। তদন্তকারী কর্মকর্তা আরো উল্লেখ করেন যে, জনাব মোঃ আমানউল্লাহ দায়িত্বপালনকালীন উল্লিখিত ৩টি কাজ সম্পাদিত হয়নি এবং সরকার পক্ষ তাঁর বিরুদ্ধে দুর্নীতির অন্য কোন প্রমাণ উপস্থাপন করতে পারেনি বিধায় তাঁর বিরুদ্ধে আনীত দুর্নীতিপরায়ণতার অভিযোগ প্রমাণিত হয়নি;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দি, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, তাঁর বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ আমানউল্লাহ (পরিচিতি নম্বর ০০৫০২৮), নির্বাহী প্রকৌশলী, পিরিয়ডিক মেইনটেন্যান্স ডিভিশন-২, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চঃ দাঃ, সুনামগঞ্জ সড়ক বিভাগ, সুনামগঞ্জ)-কে বিভাগীয় মামলা নম্বর ০৪/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

### সওজ গেজেটেড সংস্থাপন শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৭ জুলাই ২০১৫

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৮৫.২০১৩-৫৩৮**—জনাব আহসান উদ্দিন আহমেদ (পরিচিতি নম্বর ৬০১৯৪৪), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক বিভাগ, ফরিদপুর (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চঃ দাঃ, সড়ক বিভাগ, সিরাজগঞ্জ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব আহসান উদ্দিন আহমেদ সড়ক ও জনপথ অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এম, ছিদ্দিক**
সচিব।

---

### পরিকল্পনা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ জুলাই ২০১৫

**নং ৩৫.০৩২.০২৪.০০.০০.০১৪.২০১০(অংশ)-৮৫**—গত ২৯ সেপ্টেম্বর ২০১৩ তারিখে LCG Working Group (Transport and Communication)-এর কো-চেয়ার জনাব এম, এ, এন, ছিদ্দিক, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং Mr. Kei TOYAMA, Senior Representative, JICA, বাংলাদেশ এর সভাপতিত্বে ওয়ার্কিং গ্রুপের ২য় সভার সিদ্ধান্ত অনুসারে LCG Working Group on Transport and Communication-এর আওতায় National & Regional Highways and District Roads Sub-group-টি নিম্নরূপে গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) যুগ্মসচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) যুগ্মসচিব (অর্থনৈতিক ও আন্তর্জাতিক সংযোগ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(৩) উপসচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(৪) উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্ল্যানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর

(৬) প্রতিনিধি, পিপিপি সেল, সড়ক ও জনপথ অধিদপ্তর

(৭) বিআরটিসি-এর প্রতিনিধি

(৮) বিআরটিএ-এর প্রতিনিধি

(৯) ডিটিসিএ-এর প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১০) সিনিয়র সহকারী প্রধান (কার্যক্রম ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সাব-গ্রুপ এর কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) Local Consultative Group (LCG) Working Group-এর কার্যক্রমে সহায়তা প্রদান;

(খ) Working Group-এর জন্য Development Results Framework (DRF) এবং জাতীয় কৌশলপত্রের আলোকে বিভিন্ন টার্গেটের বিপরীতে পারফরমেন্স ইন্ডিকেটর নির্ধারণ ও অগ্রগতির উপর রিপোর্ট প্রণয়ন করা;

(গ) সংশ্লিষ্ট কার্যক্রম।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলিফ রুদাবা**
সিনিয়র সহকারী প্রধান।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ আষাঢ় ১৪২২/১৭ জুন ২০১৫

**নং ৩৮.০০৭.০৩৭.০০০.১০.০০.২০১০-৪৪৩**—শিশু কল্যাণ কারিগরি প্রশিক্ষণ নীতিমালা-২০১৪ চূড়ান্তকরণের লক্ষ্যে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হ'ল ঃ

**সভাপতি**

(১) পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব (বিদ্যালয়-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(৩) উপ-সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়

(৪) পরিচালক (পিআইইউ), কারিগরী শিক্ষা অধিদপ্তর

(৫) পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

(৬) উপ-পরিদর্শক, কারিগরি শিক্ষা বোর্ড

(৭) Regional Coordinator, UCEP, Dhaka, BD

**সদস্য-সচিব**

(৮) সহকারী পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট

২। কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন পেশ করবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।

**নুজহাত ইয়াসমিন**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখ স্থলাভিষিক্ত]**

**শিল্প মন্ত্রণালয়**

**ডিপিডিটি ও বিএবি অধিশাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২১ আষাঢ় ১৪২২/৫ জুলাই ২০১৫

**নং ৩৬.০৭৫.০২৮.০০.০০.০০৩.২০১০(অংশ)/১৩৩**—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরের ১০৫ (একশত পাঁচ) জনবল সংবলিত সাংগঠনিক কাঠামো এবং যানবাহন ও অফিস সরঞ্জামাদি গত ০১-০৬-২০১৩ তারিখ হতে স্থায়ীকরণে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (২০০৯ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | রেজিস্ট্রার | ০১ (এক) টি | ২৯,০০০-১১০০×৬-৩৫,৬০০ |
| (২) | ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) | ০১ (এক) টি | ২২,২৫০-৯০০×১০-৩১,২৫০ |
| (৩) | ডেপুটি রেজিস্ট্রার (পেটেন্ট ও ডিজাইন) | ০১ (এক) টি | ২২,২৫০-৯০০×১০-৩১,২৫০ |
| (৪) | ডেপুটি রেজিস্ট্রার (ডব্লিউটিও ও আন্তর্জাতিক বিষয়ক) | ০১ (এক) টি | ২২,২৫০-৯০০×১০-৩১,২৫০ |
| (৫) | ডেপুটি রেজিস্ট্রার (ট্রেডমার্কস) | ০১ (এক) টি | ২২,২৫০-৯০০×১০-৩১,২৫০ |
| (৬) | এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (পেটেন্টস/ডিজাইনস/ট্রেডমার্কস/অর্থ ও প্রশাসন) | ০৯ (নয়) টি | ১৮,৫০০-৮০০×১৪-২৯,৭০০ |
| (৭) | এক্সামিনার | ২৫ (পঁচিশ) টি | ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০ |
| (৮) | এসিস্ট্যান্ট ট্রেডমার্কস এক্সামিনার | ০৩ (তিন) টি | ৮,০০০-৪৫০×৭-১১,১৫০-ইবি-৪৯০×১১-১৬,৫৪০ |
| (৯) | প্রশাসনিক কর্মকর্তা | ০১ (এক) টি | ৮,০০০-৪৫০×৭-১১,১৫০-ইবি-৪৯০×১১-১৬,৫৪০ |
| (১০) | গ্রন্থাগারিক | ০১ (এক) টি | ৮,০০০-৪৫০×৭-১১,১৫০-ইবি-৪৯০×১১-১৬,৫৪০ |
| (১১) | কম্পিউটার অপারেটর | ০৮ (আট) টি | ৫,৫০০-৩৪৫×৭-৭,৯১৫-ইবি-৩৮০×১১-১২,০৯৫ |
| (১২) | প্রধান সহকারী | ০১ (এক) টি | ৫,৫০০-৩৪৫×৭-৭,৯১৫-ইবি-৩৮০×১১-১২,০৯৫ |

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (২০০৯ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী) |
|---|---|---|---|
| (১৩) | হিসাবরক্ষক | ০১ (এক) টি | ৫,৫০০-৩৪৫×৭-৭,৯১৫-ইবি-৩৮০×১১-১২,০৯৫ |
| (১৪) | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ০৪ (চার) টি | ৫,৫০০-৩৪৫×৭-৭,৯১৫-ইবি-৩৮০×১১-১২,০৯৫ |
| (১৫) | উচ্চমান সহকারী | ১২ (বার) টি | ৫,৫০০-৩৪৫×৭-৭,৯১৫-ইবি-৩৮০×১১-১২,০৯৫ |
| (১৬) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০৬ (ছয়) টি | ৫,২০০-২৯০×৭-৬,৯৩০-ইবি-৩২০×১১-১০,৪৫০ |
| (১৭) | অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৩ (তের) টি | ৪,৭০০-২৬৫×৭-৬,৫৫৫-ইবি-২৯০×১১-৯,৭৪৫ |
| (১৮) | ক্যাশিয়ার | ০১ (এক) টি | ৪,৭০০-২৬৫×৭-৬,৫৫৫-ইবি-২৯০×১১-৯,৭৪৫ |
| (১৯) | গাড়ীচালক | ০৩ (তিন) টি | ৪,৭০০-২৬৫×৭-৬,৫৫৫-ইবি-২৯০×১১-৯,৭৪৫ |
| (২০) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ০১ (এক) টি | ৪,৪০০-২২০×৭-৫,৯৪০-ইবি-২৪০×১১-৮,৫৮০ |
| (২১) | দপ্তরী | ০১ (এক) টি | ৪,২৫০-২১০×৭-৫,৭২০-ইবি-২২০×১১-৮,১৪০ |
| (২২) | রেকর্ড সর্টার | ০২ (দুই) টি | ৪,২৫০-২১০×৭-৫,৭২০-ইবি-২২০×১১-৮,১৪০ |
| (২৩) | নৈশ প্রহরী | ০২ (দুই) টি | ৪,২৫০-২১০×৭-৫,৭২০-ইবি-২২০×১১-৮,১৪০ |
| (২৪) | এম,এল,এস,এস | ০৬ (ছয়) টি | ৪,১০০-১৯০×৭-৫,৪৩০-ইবি-২১০×১১-৭,৭৪০ |
| | মোট= | ১০৫(একশত পাঁচ)টি | |

**যানবাহন ও অফিস সরঞ্জামের বিবরণ**

| ক্রমিক নং | যানবাহন ও অফিস সরঞ্জাম | সংখ্যা |
|---|---|---|
| (১) | কার | ০১ (এক) টি |
| (২) | মাইক্রোবাস | ০২ (দুই) টি |
| (৩) | মটর সাইকেল | ০১ (এক) টি |
| (৪) | কম্পিউটার/পি,সি | ১৬ ( ষোল) টি |
| (৫) | প্রিন্টার | ১৬ ( ষোল) টি |
| (৬) | মাইক্রোফিল্ম রিডার | ০১ (এক) টি |
| (৭) | ইলেকট্রিক স্ক্যানার | ০৩ (তিন) টি |
| (৮) | ইলেকট্রিক টাইপরাইটার মেশিন | ০১ (এক) টি |
| (৯) | ফটোকপিয়ার মেশিন | ০৩ (তিন) টি |
| (১০) | ডুপ্লিকেটিং মেমিন | ০২ (দুই) টি |
| (১১) | টাইপ রাইটার | ১৩ ( তের) টি |
| (১২) | এয়ারকুলার | ০৩ (তিন) টি |
| (১৩) | ফ্যাক্স মেশিন | ০২ (দুই) টি |

**শর্তাবলী ঃ**

(১) সাঁটলিপিকার, সাঁট-মুদ্রাক্ষরিক, উচ্চমান সহকারী ও নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে কর্মরতদের প্রশিক্ষণ দিতে হবে। পরবর্তীকালে এ চারটি পদ একীভূত হয়ে যাবে এবং ঐসব পদের সকল কর্মচারীর পদবী হবে কম্পিউটার অপারেটর ( গ্রেড-১ ও গ্রেড-২); পরবর্তীকালে উক্ত চারটি পদের অর্থাৎ কম্পিউটার অপারেটর পদের মোট জনবল হবে ২০ জন;

(২) যে পদগুলি বর্তমান প্রেক্ষাপটে সরাসরি পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরের কর্মচারী চাকুরী প্রবিধানমালায় নেই সে পদগুলো বর্তমান প্রেক্ষাপটের আলোকে সরাসরি প্রবিধানমালায় অন্তর্ভুক্ত করে প্রবিধানমালা চূড়ান্ত করতে হবে;

(৩) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডইতে অস্থায়ী পদগুলো স্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(৪) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ আবদুছ ছবুর চৌধুরী**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ জুন ২০১৫

**নং ৩৬.০৭৫.০২৭.০০.০১.০৪৫.২০১১(অংশ)/১৩০**—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরের নিবন্ধিত ট্রেডমার্কস এজেন্ট কে, এ, বারী এন্ড কোং কর্তৃক জাল সনদ তৈরী ও ইস্যু করা সংক্রান্ত পেশাগত অসদাচরণের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায়, Revised Trademark Rules, 1963 এর Part IV, Rule 135 অনুযায়ী Agencyship বাতিলপূর্বক ট্রেডমার্কস এজেন্ট রেজিস্ট্রার হতে কে, এ, বারী এন্ড কোং এর নাম কর্তন করা হলো।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোঃ আবদুছ ছবুর চৌধুরী**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ আষাঢ় ১৪২২/৩০ জুন ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৭.১৫-৫৭৯**—জনাব জিল্লুর রহমান, উপ-পুলিশ কমিশনার (নর্থ), বিএমপি, বরিশাল-কে শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ, দুর্নীতি ও পুলিশ বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ন করায় এতদ্বারা চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি সিলেট রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ আষাঢ় ১৪২২/২৯ জুন ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৫-৩৭০**—সিএমপি, চট্টগ্রাম এর খুলশী থানার মামলা নম্বর-০৫, তারিখ ০৬-০১-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৮/৯/১৩ ধারায় মামলার আসামীগণ খুলশী থানাধীন আমবাগান বায়তুল আমান জামে মসজিদের সামনে পূর্বপরিকল্পিতভাবে পারস্পরিক যোগসাজশে হিযবুত তাহরীর এর ব্যানার ও পোস্টার প্রস্তুতপূর্বক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সদস্য হয়ে উহার সমর্থন করে জনসাধারণকে প্ররোচিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৫-৩৭১**—সিএমপি, চট্টগ্রাম এর ইপিজেড থানার মামলা নম্বর-০৯, তারিখ ১৮-০২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ ইপিজেড থানাধীন সিইপিজেড এর অভ্যন্তরে ২ নং রাস্তার মুখে যাত্রী ছাউনীর বিপরীতে দক্ষিণ পার্শ্বের রাস্তার উপর অবৈধ জনতাবদ্ধ হয়ে পারস্পরিক যোগসাজশে ও সহায়তায় দাঙ্গা সংগঠন করতঃ সন্ত্রাসী কার্যের মাধ্যমে অগ্নিসংযোগ করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ২৫ আষাঢ় ১৪২২/৯ জুলাই ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৪-৩৮৮**—ডিএমপি, ঢাকার মোহাম্মদপুর থানার মামলা নম্বর-০৯, তারিখ ৭-৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(১)(২)/১২ ধারায় মামলার আসামীগণ মোহাম্মদপুর থানাধীন কৃষি মার্কেটের পিছনে 'মায়ের দোয়া' কনফেকশনারী দোকান নং-ক-৭৪/৬, নতুন কাঁচা বাজারের সামনে রাস্তার উপর জনগণের মধ্যে আতংক সৃষ্টি করতঃ সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে হত্যার উদ্দেশ্যে ককটেল বোমা বিস্ফোরণ ঘটিয়ে গুরুতর আহত ও সন্ত্রাসীদের সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ৫ শ্রাবণ ১৪২২/২০ জুলাই ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৪২০**—নাটোর জেলার বড়াইগ্রাম থানার মামলা নম্বর-১২, তারিখ ৬-২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬/১২ ধারায় মামলার আসামীগণ বড়াইগ্রাম থানাধীন রাজাপুর বাজারস্থ জনৈক খলিলের চাতালের সামনে হত্যা ও নাশকতার উদ্দেশ্যে গাড়ীতে ককটেল নিক্ষেপ করে গাড়ী ও যাত্রীদের ক্ষতিসাধন এবং জনমনে আতংক সৃষ্টি করে নাশকতামূলক কার্য সম্পাদনের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন ঘটানোর অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৪২১**—চাঁদপুর জেলার সদর মডেল থানার মামলা নম্বর-৩০, তারিখ ১৯-৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(১) এর (ক)(অ)(আ)(২)/১২ ধারায় মামলার আসামীগণ সদর মডেল থানাধীন চাঁদপুর হাইমচর আঞ্চলিক সড়কের দক্ষিণ বালিয়া সাকিনস্থ কাজী বাড়ীর সামনে রাস্তার উপর দেশের অখণ্ডতা, সংহতি, নিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য

জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে পেট্রোল বোমা নিক্ষেপ করে হত্যা ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৪২২**—সিলেট জেলার এয়ারপোর্ট থানার মামলা নম্বর-১১, তারিখ ১৩-১২-২০১১ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(২)১৩ ধারায় মামলার আসামীগণ সিলেট জেলার এয়ারপোর্ট থানাধীন ১৩/১ নুরানী সুবিদ বাজার ফ্লাট নং-৩/১, ৪র্থ তলা আসামীদের ভারা করা ফ্লাটে বাংলাদেশ সরকারের বিরুদ্ধে অপপ্রচার, রাষ্ট্রের সার্বভৌমত্বের বিরুদ্ধে উসকানিমূলক বক্তব্যসহ জঙ্গী তৎপরতা চালানোর অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৪২৩**—গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ থানার মামলা নম্বর-১২, তারিখ ১৪-১-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬/১২ ধারায় মামলার আসামীগণ সুন্দরগঞ্জ থানাধীন গাইবান্ধা সুন্দরগঞ্জ সড়কের নিজপাড়া গ্রামস্থ ননিডাঙ্গা ব্রীজের উপর পরিকল্পিতভাবে পরস্পর যোগসাজসে আতংক সৃষ্টি করে গাড়ী ভাংচুর, অগ্নিসংযোগ করে ক্ষতি সাধন ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-৪২৪**—গাইবান্ধা জেলার সদর থানার মামলা নম্বর-১৪, তারিখ ১৪-১-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১০/১২ ধারায় মামলার আসামীগণ গাইবান্ধা থানাধীন কোমরপুর মৌজাস্থ ঘুচ্ছগ্রাম নামক স্থানে পাকা রাস্তার উপর জনমনে আতংক সৃষ্টি করার লক্ষ্যে পরিকল্পিতভাবে ধ্বংসাত্মক সন্ত্রাসী কর্মকান্ডের মাধ্যমে যাত্রীবাহী বাসে পেট্রোল বোমা নিক্ষেপ করতঃ মালামালের ক্ষতিসাধন ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ৬ শ্রাবণ ১৪২২/২১ জুলাই ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৪২৫**—সি এম পি, চট্টগ্রাম-এর সদরঘাট থানার মামলা নম্বর-০২, তারিখ ৩-২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(১)/১০/১১/১২ ধারায় মামলার আসামীগণ চট্টগ্রাম এর সদরঘাট থানাধীন স্ট্যান্ড রোড, মাঝির ঘাটস্থ ব্রীজের পাশে আল-মদিনা ফার্মেসী নামক প্রতিষ্ঠানে পরস্পর সহায়তার মাধ্যমে জননিরাপত্তা বিপন্ন করা এবং জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টিসহ নাশকতা সৃষ্টির ষড়যন্ত্র ও প্রচেষ্টা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৪২৬**—জামালপুর জেলার মাদারগঞ্জ থানার মামলা নম্বর-০১, তারিখ ১-৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(ই)/১০ ধারায় মামলার আসামীগণ জামালপুর জেলার মাদারগঞ্জ থানাধীন চরপাকেরদহ গ্রামস্থ পানি সেচের মেশিন ঘরে পেট্রোল বোমা রেখে সন্ত্রাসী কর্মকান্ড ও ষড়যন্ত্র করার অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৪২৭**—বগুড়া জেলার সদর থানার মামলা নম্বর-১০, তারিখ ৫-২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(১)(ক)/১২ ধারায় মামলার আসামীগণ বগুড়া জেলার সদর থানাধীন বগুড়া রংপুর মহাসড়কের বড় বেলাইন নামক স্থানে মহাসড়কের উপর হত্যা ও নাশকতার উদ্দেশ্যে ট্রাকে অগ্নিসংযোগসহ এলাকার জনমনে আতংক সৃষ্টি করে আইন শৃংখলা পরিস্থিতি বিঘ্ন ঘটানোর অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৪২৮**—ফরিদপুর জেলার কোতোয়ালী থানার মামলা নং-১, তারিখ ১-৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)(উ) ধারায় মামলার আসামীগণ ফরিদপুর জেলার কোতোয়ালী থানাধীন ২নং হাবেলী গোপালপুর রেল কলোনী গ্রামস্থ ধৃত আসামী মোঃ হাবিবুর রহমান গং পিতা-মোঃ সেকেন্দার শেখ এর শয়ন কক্ষের খাটের নীচে ০২টি প্লাস্টিকের ব্যাগে রক্ষিত ২৫টি পেট্রোল বোমা সন্ত্রাসী কার্যকলাপ করার জন্য অবৈধভাবে নিজ হেফাজতে রাখার অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ৭ শ্রাবণ ১৪২২/২২ জুলাই ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-৪৪০**—কুমিল্লা জেলার চান্দিনা থানার মামলা নম্বর-০৭, তারিখ ৮-৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস

বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)(ই)/১২ ধারায় মামলার আসামীগণ চান্দিনা থানাধীন চান্দিনা উপজেলা রাস্তার মাথা হতে ১০০ গজ পূর্ব দিকে ঢাকা চট্টগ্রাম মহাসড়কের উপর জননিরাপত্তা বিপন্ন করাসহ ক্ষতি সাধনের অভিপ্রায়ে ভাংচুর ও পেট্রোল বোমা নিক্ষেপ করে সম্পত্তির ক্ষতিসাধন করতঃ উক্ত কাজের সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-৪৪১**—কুমিল্লা জেলার চান্দিনা থানার মামলা নম্বর-০২, তারিখ ৩-৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)(উ) ধারায় মামলার আসামীগণ চান্দিনা থানাধীন চান্দিনাস্থ বাগুর বাসষ্ট্যান্ডের দক্ষিণ পার্শ্বে বাজার রোডের মাথায় নতুন নির্মানাধীন ফোরলেন মহাসড়কের পাকা রাস্তার উপর আসামীগণ দাহ্য পদার্থ পেট্রোল বোমা নিক্ষেপ করতঃ সম্পত্তির ক্ষতি সাধনের উদ্দেশ্যে নিজ দখলে রাখার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৫-৪৪২**—বগুড়া জেলার শাজাহানপুর থানার মামলা নং-০৮, তারিখ ৮-২-৩০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬/১২ ধারায় মামলার আসামীগণ শাজাহানপুর থানাধীন নাটোর-বগুড়া মহাসড়কে রুপীহার নামক স্থানে জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার নিমিত্তে হত্যা ও নাশকতার উদ্দেশ্যে ট্রাকে অগ্নিসংযোগ করে হত্যা ও ক্ষয়ক্ষতিসহ এলাকায় জনমনে আতংক সৃষ্টির করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্ন ঘটানোর অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৫-৪৪৩**—সিরাজগঞ্জ জেলার বঙ্গবন্ধু সেতু পশ্চিম থানার মামলা নম্বর-০১, তারিখ ২০-২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/ ২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ৬(২)/১২ ধারায় মামলার আসামীগণ বঙ্গবন্ধু সেতু পশ্চিম থানাধীন কোনাবাড়ী মৌজার সীমান্ত বাজার ৭নং ব্রীজের অনুমান ২০০ গজ পূর্বে মহাসড়কের উপর দাহ্যপদার্থ, পেট্রোল বোমা হেফাজতে রেখে সন্ত্রাসী কর্মকান্ড ও নাশকতা করার লক্ষ্যে পেট্রোল বোমা দ্বারা বাসে অগ্নিসংযোগপূর্বক মারাত্মক জখম ও ক্ষতিসাধন এবং উক্ত কর্মকান্ডে সহায়তা অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৫-৪৪৪**—শেরপুর জেলার শেরপুর সদর থানার মামলা নম্বর-০৪, তারিখ ২-৮-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ১০/১৩ ধারায় মামলার আসামীগণ শেরপুর সদর থানাধীন বুড়িয়ার পার সাকিনস্থ বুড়িয়ার পার সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে অভিযুক্ত জামায়াত শিবিরকর্মী একত্রিত হয়ে সরকার উচ্ছেদ, যুদ্ধাপরাধীদের বিচার বানচাল ও পুলিশ প্রশাসনের উপর চোরাগুপ্তা হামলার পরিকল্পনা ও ষড়যন্ত্রমূলক গোপন বৈঠক করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**শৃংখলা-১**

**আদেশ**

তারিখ, ২২ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৩.২০১৪-৩৪৫**—যেহেতু ডাঃ মোঃ খালেকুজ্জামান (৪২৮৯১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, এনএনএস) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১০-১১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০. ১২৩.২০১৪-৮৭২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫-০৩-২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ১২-০৪-২০১২ তারিখে মেডিকেল অফিসার (এআরআই), ইপিআই হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরে এবং অতিরিক্ত দায়িত্ব হিসেবে গত ১৫-০৪-২০১২ তারিখে এনএনএস কর্মসূচিতে যোগদান করেন। পরবর্তীতে তিনি গত ২২-০৪-২০১২ তারিখ হতে ২০-০৬-২০১২ তারিখ পর্যন্ত ০২ মাস মেয়াদি বুনিয়াদী প্রশিক্ষণে অংশ গ্রহণ শেষে গত ২১-০৬-২০১২ তারিখে পুনরায় কর্মস্থলে যোগদান করেন। এনএনএস কর্মসূচিতে ডিপিএম হিসেবে দায়িত্ব পালন না করায় উক্ত কর্মসূচির বিল ভাউচারে স্বাক্ষর করার তার কোন সুযোগ ছিল না। এছাড়াও এনএনএস কর্মসূচিতে পদায়তি থাকলেও কর্মসূচিতে কোন দায়িত্ব পালন না করায় লাইন ডাইরেক্টরকে আর্থিক অনিয়মে সহায়তা করার তাঁর কোন সুয়োগ ছিল না মর্মে প্রতীয়মান হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ খালেকুজ্জামান (৪২৮৯১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**আদেশ**

তারিখ, ২৮ মে ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৫-২৯২**—যেহেতু ডাঃ নূর-ই-জান্নাত (১২০৯৩৯), প্রভাষক, এনাটমি, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা গত ১০-১২-২০১৪তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ০৪-০৫-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৫-২৩৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৬-০৫-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ নূর-ই-জান্নাত (১২০৯৩৯), প্রভাষক, এনাটমি, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা, এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতের জন্য সর্তকতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর গত ১০-১২-২০১৪ হতে ১৫-০২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ জুন ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০১৩.২০১২-১৭৮**—যেহেতু ডাঃ জিন্নাত সেলিনা চৌধুরী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রাউজন, চট্টগ্রাম গত ১২-০৭-১৯৯৮ ইং তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ৫ (পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে, সুতরাং তাঁর বেলায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি প্রযোজ্য হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ জিন্নাত সেলিনা চৌধুরী, মেডিকেল অফিসার (এমপিএইচ-এফপি), রাউজন, চট্টগ্রাম এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৩-০৭-২০০৩ ইং হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**আদেশ**

তারিখ, ৪ জুন ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০১০.২০১৫-১৫৮**—যেহেতু ডাঃ সিলভিয়া ইসলাম মেডিকেল অফিসার, খালাশপীর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, পীরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং সে প্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, নথীভূক্ত কাগজপত্রসহ সার্বিক প্রেক্ষাপট বিশ্লেষণ করে করে ডাঃ সিলভিয়া ইসলাম সন্তানের চিকিৎসাগত কারনেই কর্মস্থলে যথাসময়ে হাজির হতে পারেননি। ছুটির কাগজপত্র প্রেরণ করলেও যথাসময়ে যথাস্থানে উপস্থাপন হয়নি;

এমতাবস্থায়, সেহেতু সবকিছু বিবেচনা করে ডাঃ সিলভিয়া ইসলাম(১২১৫৪২)–কে ভবিষ্যতে চাকুরীক্ষেত্রে দায়িত্ব পালনের বিষয়ে আরো সতর্কতা পন্থা অবলম্বন করার পরামর্শ দিয়ে অত্র বিভাগীয় মোকদ্দমা নিষ্পত্তি করা হলো। তার অনুপস্থিত কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উন্নয়ন-১শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৮ আষাঢ় ১৪২২/১২ জুলাই ২০১৫

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২৭.২০১৪-৬১৩**—যেহেতু, জনাব মোঃ কবির মিয়া পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলায় উপজেলা প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাবস্থায় নেছারাবাদ উপজেলায় "রাজবাড়ী-পাটিকেলবাড়ী সড়কে" বিভিন্ন চেইনেজে ১০টি স্ট্রাকচার নির্মাণ/পুনর্বাসন কাজ (প্যাকেজ নং RAILA/ PRJ/W-16) বাস্তবায়নে অনিয়ম করেছেন;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ১৩-১১-২০১৪ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২৭.২০১৪-৮৪৩ নম্বর স্মারক মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ কবির মিয়া তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন জানালে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ কবির মিয়া এর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত ব্যক্তব্য ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এ বিভাগের যুগ্ম-সচিব মুন্সী শাহাবুদ্দিন আহমদকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(সি) বিধি অনুযায়ী লঘু দন্ড হিসেবে তাঁর 'বেতন স্কেলে দক্ষতাসীমা অতিক্রম বন্ধ রাখা'র দন্ড ৩(তিন) বছরের জন্য আরোপের সিদ্ধান্ত গ্রহীত হয়;

সেহেতু, জনাব মোঃ কবির মিয়া, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নেছারাবাদ, পিরোজপুর এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(সি) বিধি অনুযায়ী লঘু দন্ড হিসেবে তাঁর 'বেতন স্কেলে দক্ষতাসীমা অতিক্রম বন্ধ রাখা'র দন্ড ৩(তিন) বছরের জন্য আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২৫.২০১৪-৬১৪**—যেহেতু, জনাব মোঃ নাজমুল হোসাইন পিরোজপুর জেলায় এলজিইডির নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাবস্থায় পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলায় "রাজবাড়ী-পাটিকেলবাড়ী সড়কে" বিভিন্ন চেইনেজে ১০টি স্ট্রাকচার নির্মাণ/পুনর্বাসন কাজ (প্যাকেজ নং RAILA/ PRJ/W-16) বাস্তবায়নে অনিয়ম করেছেন;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ১০-১১-২০১৪ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২৫.২০১৪-৮৩০ নম্বর স্মারক মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ নাজমুল হোসাইন তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন জানালে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ নাজমুল হোসাইন এর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত ব্যক্তব্য ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এ বিভাগের যুগ্ম-সচিব মুন্সী শাহাবুদ্দিন আহমদকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব মোঃ নাজমুল হোসাইন এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি অনুযায়ী লঘু দন্ড হিসেবে তাঁকে "তিরস্কার" দন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহীত হয়;

সেহেতু, জনাব মোঃ নাজমুল হোসাইন, সহকারী প্রকৌশলী নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, পিরোজপুর এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি অনুযায়ী লঘু দন্ড হিসেবে তাঁকে "তিরস্কার" দন্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
ভারপ্রাপ্ত সচিব।

**সংশোধিত আদেশ**

তারিখ, ২৮ আষাঢ় ১৪২২/১২ জুলাই ২০১৫

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৭.২০০৭-৬১৫**—যেহেতু, জনাব এ, কে, এম আনিছুর রহমান, উপ-প্রকল্প পরিচালক, (বেতন স্কেল ১৩৭৫০-৫৫০×১০-১৯২৫০) স্থানীয় অংশিদারিত্বের মাধ্যমে নগর দরিদ্র দূরীকরণ প্রকল্প, সদর দপ্তর, ঢাকা এলজিইডি মেহেরপুর জেলায় নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন ৩০-০৫-২০০৬ খ্রিঃ তারিখে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের পিরোজপুর হাট রাস্তায় আমঝুপি-সাঁকোপাড়া ব্রীজের ছাদ ঢালাইয়ের সময় উক্ত ছাদ ধ্বসে ঘটনাস্থলেই ৩ (তিন) জন নির্মাণ শ্রমিক মৃত্যুবরণ করেছেন এবং বর্ণিত ব্রীজ নির্মাণে যথাযথ তদারকি ও মান নিয়ন্ত্রণ না করার কারণেই উক্ত দুর্ঘটনা সংঘটিত হওয়ায় তার দায় দায়িত্ব তাঁর উপর বর্তায়;

যেহেতু, জনাব এ, কে, এম আনিছুর রহমানের, বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি অনুযায়ী এ বিভাগের ২৪-০১-২০০৭ তারিখের শাঃ উন্নয়ন-১/১ই-৭/২০০৭/৩৫ নম্বর স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় জনাব এ, কে, এম আনিছুর রহমানের দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত ব্যক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল গফ্ফারকে তদন্তকারী কর্মকর্তা নিযোগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এ, কে, এম আনিছুর রহমানের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন ও যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব এ, কে, এম আনিছুর রহমানকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক চাকুরী হতে অপসারণ করার গুরুদন্ড আরোপ সিদ্ধান্ত গ্রহীত হয়;

যেহেতু, জনাব এ, কে, এম আনিছুর রহমানকে চাকুরী হতে অপসারণ করার গুরুদন্ড আরোপের গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে এ বিভাগের ১৫-৭-২০০৭ তারিখের শাঃ উন্নয়ন-১/১ই-৭/২০০৭/৪৮৪ নম্বর স্মারক মাধ্যমে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব এ, কে, এম আনিছুর রহমান কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাবের বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(বি) বিধি মোতাবেক "চাকুরী থেকে বাধ্যতামূলক অবসরদান" করার গুরুদন্ড আরোপের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এ বিভাগের ১৬-০৮-২০০৭ তারিখের শাঃ উন্নয়ন-১/১ই-৭/২০০৭/৫৬৮ নম্বর স্মারক মাধ্যমে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন ১২-১১-২০০৭ তারিখের বাসককস/ইউ-১/বিঃ/মাঃ-১৭/২০০৭/১৭৮ এবং ২৪-০১-২০০৮ তারিখের বাসককস/ইউনিট-১/বিঃ/মাঃ-১৭/২০০৭/২৩ নম্বর স্মারক মাধ্যমে জনাব এ, কে, এম, আনিছুর রহমানকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (বি) বিধি মোতাবেক চাকুরী থেকে বাধ্যতামূলক অবসরদানের পরিবর্তে একই বিধিমালার ৪(৩)(বি) বিধি অনুযায়ী নিম্নতর পদে পদাবনত করণের সুপারিশ করায় তাঁকে এ বিভাগের ১৩-২-২০০৮ তারিখের স্থাসবি/শাঃউন্নয়ন-১/১ই-৭/২০০৭/৯৮ নম্বর স্মারকে নিম্নতর পদে পদাবনত করণের গুরুদন্ড আরোপ করা হয়;

যেহেতু, উক্ত গুরুদন্ড আরোপের আদেশে তাঁকে কোন স্কেলে এবং কতদিনের জন্য দন্ড আরোপ করা হয়েছে তা উল্লেখ করা হয়নি সেহেতু জনাব এ, কে, এম আনিছুল রহমান, উপ-প্রকল্প পরিচালক, স্থানীয় অংশিদারিত্বের মাধ্যমে নগর দারিদ্র দূরীকরণ প্রকল্প, সদর দপ্তর, এলজিইডি, ঢাকা (সাবেক নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর)-কে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সুপারিশ মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি মোতাবেক দন্ড প্রদানের তারিখ অর্থাৎ ১৩-২-২০০৮ তারিখে নির্বাহী প্রকৌশলীর পদ ( বেতন স্কেল/২০০৫ এর ১৩,৭৫০-১৯,২৫০ টাকা) থেকে সিনিয়র সহকারী প্রকৌশলী/ উপজেলা প্রকৌশলী (বেতন স্কেল/২০০৫ এর ১১,০০০-১৭,৬৫০ টাকা) পদে পদাবনত করার গুরুদন্ড আরোপ করা হল।

**আবদুল মালেক**
ভারপ্রাপ্ত সচিব।

---

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুন ২০১৫

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.৩৯.০৩৯.২০১৫-৮০৭**—যেহেতু ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ জাকারিয়া হারুন এর বিরুদ্ধে দাযেরকৃত মুক্তাগাছা থানায় মামলা নং-২৪ তারিখ ২৪-১১-২০১৩ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গ্রহীত হয়েছে;

যেহেতু, তাঁর দ্বারা উপজেলা পরিষদের চেয়ারম্যান-এর ক্ষমতা প্রয়োগ উপজেলা পরিষদের জন্য স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

যেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এ অবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩খ ধারার (১) উপধারা অনুযায়ী ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ জাকারিয়া হারুন-কে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জুন ২০১৫

**নং ৪৬.০৬৪.০২৮.৫৬.০৪.২৮২.২০১১-১০৫৪**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ও ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং এ বিভাগের ০৪-০৬-২০১৫ তারিখের ৭৮৩ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ পৌরসভার কার্য সম্পাদনে প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্লোক্ত ব্যক্তিকে ইতোপূর্বে গঠিত কমিটিতে অন্তর্ভূক্ত করা হ'ল :

**সদস্যবৃন্দ**

(১) আলহাজ্ব মোঃ গিয়াস উদ্দিন চৌধুরী, পিতা-আলহাজ্ব মোঃ নুরুল ইসলাম চৌধুরী, গ্রাম-পাটোয়ারী পাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা- দেবীগঞ্জ, জেলা পঞ্চগড়।

(২) জনাব নন্দন কুমার সাহা, পিতা-মৃত নরেশ চন্দ্র সাহা, গ্রাম-দেবীগঞ্জ বাজার, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ, জেলা পঞ্চগড়।

(৩) জনাব মোঃ নুর নেওয়াজ, পিতা- মোঃ আলহাজ্ব লুৎফর রহমান, গ্রাম-বাজারপাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ, জেলা পঞ্চগড়।

(৪) জনাব মোঃ আবু বকর সিদ্দিক, পিতা-মৃত খোদা বক্স গ্রাম-কাচারীপাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ, জেলা পঞ্চগড়।

(৫) মোছাঃ লুৎফা প্রধান, স্বামী মোঃ সংগ্রাম প্রধান, গ্রাম-থানাপাড়া, ডাক-দেবীগঞ্জ, উপজেলা-দেবীগঞ্জ, জেলা পঞ্চগড়।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ দেবীগঞ্জ পৌরসভার সার্বিক কর্মকান্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। এ বিভাগের ০৪-০৬-২০১৫ তারিখের ৭৮৩ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে উপরোল্লিখিত ব্যক্তিগণ সম্মানীভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. কে. এম. আনিছুজ্জামান**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৫**
**এল. এ কেস নং-২৪/৬২-৬৩**
**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৫১.১৪-৪০১**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৩০-০৮-১৯৮১ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে ;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজা কুড়িগ্রাম, জে, এল নং ৬৯, উপজেলা নড়াইল, জেলা নড়াইল।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪১৬ | ৪২০ | ০.৯২ |
| ৩১৮ | ৪২২ | ০.৪০ |
| ১৪০ | ৪২৪ | ০.৭৪ |
| ১১৩ | ৪২৯ | ০.৮০ |
| ৩১৮ | ৪৩০ | ০.৩৭ |
| ৬৮ | ৪২১ | ০.২৮ |

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩০৪ | ৪২৩ | ০.২০ |
| ৩০৪ | ৪২৫ | ০.৬০ |
| ১১৩ | ৪৩২ | ০.৫৫ |
| ৩০১ | ৪৩১ | ০.৭৪ |
| | মোট জমি = | ৫.৬০ একর |

জমির নকশা নড়াইল কালেক্টরেটের এল. এ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**শাখা-১১**
**এল. এ কেস নং-৩৭/৮১-৮২**
**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৫১.১৪-৪০১**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১০-০৫-১৯৮২ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে ;

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে ;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজা কমলাপুর, জে, এল নং ১৩৯, উপজেলা নড়াইল সদর, জেলা নড়াইল।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৮৬১ | ২১১৩ | ০.৪০ |
| ১৮৬২ | ২১১৪ | ০.১২ |
| ১৮৬২ | ২১১৫ | ০.২৩ |
| ১৪৮১ | ২১১৬ | ০.২০ |
| ১৭৮০ | ২১১৭ | ০.০২ |
| ১৮২৯ | ২১৭২ | ০.০৮ |
| ১৭৮৪ | ২১৭৩ | ০.৩৭ |
| ১৭৮৪ | ২১৭৪ | ০.১৯ |
| ১৭৮৪ | ২১৭৫ | ০.২০ |
| ১৭৮৪ | ২১৭৬ | ০.২০ |
| ১৭৮০ | ২১৭৭ | ০.১৬ |
| ১৭৮৩ | ২১৭৮ | ০.৫২ |
| ২১৮০ | ২১৮৫ | ০.০৩ |
| ৩৯ | ২১৯৪ | ০.০৯ |
| ১৯৬১ | ২১৯৭ | ০.১৮ |
| ২২৩৭ | ২১৯৮ | ০.১৪ |
| ১৯৬১ | ২১৯৯ | ০.০৮ |
| ২২২৭ | ২২২৩ | ০.০৮ |
| ১৮৪০ | ২২২৪ | ০.০৫ |
| ১৮১৫ | ২২২৫ | ০.০২ |
| ১৯৬১ | ২২২৬ | ০.১১ |
| ২২২৭ | ২২২৭ | ০.৪৩ |
| ১৫৩৫ | ২৭০৪ | ০.০৫ |
| ১৯৬৯ | ২৭০৫ | ০.০২ |
| ১৯৬৭ | ২৭০৬ | ০.০৫ |
| ২২২৬ | ২৭০৭ | ০.০৪ |
| ২২৩০ | ২৭০৮ | ০.০৫ |
| ২২২৯ | ২৭০৯ | ০.০৪ |
| ২২২৮ | ২৭১১ | ০.১৪ |
| ১৯৬৩ | ২৭১৫ | ০.০৩ |
| ১৭৮৮ | ২১৮৪ | ০.২০ |
| | মোট ভূমি = | ৪.৫২ একর |

জমির নকশা নড়াইল কালেক্টরেটের এল. এ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ চৈত্র, ১৪২১/২৩ মার্চ, ২০১৫

**নং ০৩.০৬৮.০১৮.০৪.০০.২০১৪-২০৯**—ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক আইন, ২০১০ এর ধারা ৪০ (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ-এর, অতঃপর কর্তৃপক্ষ বলিয়া উল্লিখিত, নির্বাহী চেয়ারম্যানের সুপারিশের ভিত্তিতে নিম্নছকে উল্লিখিত ব্যক্তিবর্গকে ইপিজেড এলাকার শিল্প ইউনিটসমূহের শিল্প বিরোধ সম্পর্কে সালিশকারী (Arbitrator) হিসেবে নিম্নবর্ণিত শর্তে ১৮ (আঠার) মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করিল, যথা :

| ক্রমিক নং | প্রার্থীর নাম ও বর্তমান ঠিকানা |
|---|---|
| (১) | জনাব মোঃ ওবায়দুর রহমান, পিতা মৃত আব্দুস সামাদ, ২/সি, চন্দ্রমল্লিকা, ১৯, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭। |
| (২) | জনাব তালুকদার আইয়ুব আলী, পিতা মৃত ওবায়দুল হক তালুকদার, ফ্লাট # ৪/এ, বাউন্ডারী রোড, ২৫, পশ্চিম সেনপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকা-১২১৬। |
| (৩) | জনাব আব্দুল মাবুদ মাসুম, পিতা মুস্তাফিজুর রহমান, ৩২/৬, পূর্ব নয়াটোলা, পোঃ শান্তিনগর, রমনা, ঢাকা-১২১৭। |

**নিয়োগের শর্তাবলী ঃ**

(১) সালিশকারী হিসেবে নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ থেকে ১৮ (আঠার) মাস। উভয় পক্ষের সম্মতিক্রমে নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে;

(২) কোন কারণ না দর্শিয়ে যে কোন পক্ষ কর্তৃক এক মাসের নোটিশ প্রদান সাপেক্ষে এই নিয়োগের মেয়াদ বাতিল করা যাবে;

(৩) সালিশকারী রিটেইনার ফি হিসাবে মাসিক ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা মাত্র সম্মানী প্রাপ্য হবেন। উক্ত সম্মানী হতে সরকারী বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কর, ভ্যাট ইত্যাদি কর্তন করা হবে। সালিশকারী এর অতিরিক্ত কেস-টু-কেস ভিত্তিতে সিটিং অনুযায়ী আলোচনা সাপেক্ষে আর্থিক সুবিধা পাবেন;

(৪) সরকার প্রণীত ইপিজেড শ্রমিক কল্যাণ সংশ্লিষ্ট আইন অনুযায়ী সালিশকারী হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব পালন করবেন। তিনি উল্লিখিত আইনের সংশ্লিষ্ট ধারার বিধানমতে তাঁর নিকট প্রেরিত সকল বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা করবেন। পাশাপাশি দাপ্তরিক আইনী বিষয়ে মতামত, চুক্তি পত্র ভেটিং, আইনী পরামর্শ সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করবেন;

(৫) সালিশকারী হিসেবে নিয়োজিত থাকা অবস্থায় ইপিজেডে অবস্থিত কোন শিল্প ইউনিট/প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা বা পরামর্শক হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না;

(৬) সালিশকারীর পদমর্যাদা কর্তৃপক্ষের উপ-মহা ব্যবস্থাপকের পদমর্যাদার সমতুল্য হবে। দাপ্তরিক কাজে কোন ইপিজেডে ভ্রমণ এর প্রয়োজন হলে তিনি একই পদ মর্যাদায় প্রদত্ত টিএ/ডিএ সুবিধা প্রাপ্য হবেন;

(৭) সালিশকারীকে নির্বাহী দপ্তরে সপ্তাহে ন্যূনতম এক দিন অবশ্যই উপস্থিত থাকতে হবে;

(৮) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত চুক্তিপত্র অনুসারে কর্তৃপক্ষের সহিত একটি চুক্তিপত্র সম্পাদন করতে হবে;

(৯) সালিশকারীর পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে প্রতিপাদিত এবং সরকারি সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত রিপোর্ট সন্তোষজনক না হইলে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হবে;

(১০) সালিশকারী, এই প্রজ্ঞাপনে উল্লেখ করা হয় নাই এরূপ অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষের অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাফিউল হাসান**
পরিচালক।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৪ চৈত্র ১৪২১/০৭ এপ্রিল ২০১৫

**নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০৪.২০১৪-৫৬২**—রাজশাহী জেলাধীন নওহাটা পৌরসভার মেয়র জনাব মোঃ আব্দুল গফুর সরকার গত ০৩-০১-২০১৫ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১) (চ) মতে সরকার উল্লিখিত মেয়র এর পদটি শূন্য ঘোষণা করিল।

**নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-৫৭৫**—নড়াইল পৌরসভার ০১ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ইমরুল কায়েস গত ১৮-০১-২০১৫ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১) (চ) মতে সরকার উল্লিখিত ওয়ার্ড কাউন্সিলরের পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৭ আশ্বিন ১৪২২/২২ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৬.৪৯.১৩.১৫-৩৫৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| (১) | চর কপাল বেড়া | ১৪০ | গলাচিপা | পটুয়াখালী |
| (২) | চর মারগারেট | ১৫১ | গলাচিপা | পটুয়াখালী |
| (৩) | কাচি চর | ১১ | মুলাদী | বরিশাল |
| (৪) | চটুয়া | ১১৮ | বরিশাল সদর | বরিশাল |
| (৫) | চর গজারিয়া | ৩৪ | রামগতি | লক্ষীপুর |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।